

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
রক্ষণাবেক্ষণ অধিশাখা।  
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.১১৩.১৯ (অংশ-১)-৭২৯

তারিখ: ১৫ পৌষ ১৪২৬  
৩০ ডিসেম্বর ২০১৯

বিষয়: কিশোরগঞ্জ সড়ক বিভাগাধীন উজানচর-বাজিতপুর-অষ্টগ্রাম সড়কের ৩৬তম কিলোমিটারে অবস্থিত ক্ষতিগ্রস্ত আরসিসি বক্স কালভার্টের স্থলে পিসি গার্ডার সেতু নির্মাণ সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের স্মারক নং-৩৫.০১.০০০.৩৮০.২০.৪৬১.১৯.১৭-প্রঃতারিখ: ২০/১১/২০১৯ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিশ্রেফিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ময়মনসিংহ সড়ক জোনের ২০১৯-২০২০ অর্থবছরের পিএমপি (মেজর-ব্রীজ/কালভার্ট) কর্মসূচির অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত কর্মসূচিটি নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল:

মহাসড়কের নাম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের চেইনেজ ও ব্রীজ/কালভার্টের স্থানীয় নাম	দৈর্ঘ্য (মিটার)	সম্ভাব্য প্রাক্কলিত (লক্ষ টাকায়)	কাজের ধরণ
উজানচর-বাজিতপুর-অষ্টগ্রাম সড়ক (জেড-৩৬০১)	কিশোরগঞ্জ	৩৫+৯০০ কিঃমিঃ (কাস্তুল বড়ভাঙ্গা)	৯৭.৩২৬	২১৩৫.৬১	নতুন নির্মাণ।
			মোটঃ	২১৩৫.৬১	


**শর্তঃ**

- ১। প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত সেতু/কালভার্টের বাস্তব অবস্থা সরেজমিনে যাচাই করে ডিজাইন প্রনয়ণ করতে হবে;
- ২। ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
- ৩। ২০১৯ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
- ৪। ব্রীজ নির্মাণের সময়সীমা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। স্বাভাবিক অবস্থায় কাজ সমাপ্তির সময়সীমা বৃদ্ধি করা যাবে না;
- ৫। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ৬। কোন অবস্থাতেই এ্যাপ্রোচের কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ৭। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণে বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইটএনালাইসিস প্রতিবেদন প্রস্তুত অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ৮। সেতুর ডিজাইন প্রনয়ণকালে সেতুর নিচ দিয়ে জনসাধারণের চলাচলের জন্য বিদ্যমান কোন সড়ক বা ব্যবস্থা থাকলে সেটি চলাচলের ব্যবস্থা রেখেই ডিজাইন প্রনয়ণ করতে হবে;
- ৯। সেতুর অবস্থান বিদ্যমান সড়কের এলাইনমেন্ট সোজা থাকলে উক্ত এলাইনমেন্ট বরাবর সেতু নির্মাণ করতে হবে। তবে এলাইনমেন্ট সোজা না থাকলে যথাসম্ভব এলাইনমেন্ট সোজা সেতু নির্মাণ করতে হবে;
- ১০। সেতু নির্মাণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনে ডাইভারশন যথাসম্ভব পরিহার করতে হবে। তবে একান্ত প্রয়োজন হলে ডাইভারশনের ব্যয় যৌক্তিক পর্যায়ে রাখতে হবে;
- ১১। সেতু/কালভার্টের প্রশস্ততা বিদ্যমান সড়ক/উক্ত সড়কে চলমান/গৃহীতব্য প্রকল্প/পিএমপি কর্মসূচি (যদি থাকে) তে নির্ধারিত সড়ক প্রশস্ততার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-**

পূর্ব পৃষ্ঠা হতে-

- ১২। ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে সেতুর প্রশস্ততা কমপক্ষে ১০.২৫ মিটার ধরে ডিজাইন প্রণয়ন করতে হবে। অধিকন্তু সংশ্লিষ্ট চ্যানেলের পানি প্রবাহের উপর ভিত্তিকরে সেতু/কালভার্টের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ধারণ করতে হবে। পূর্বের দৈর্ঘ্য কোন অবস্থাতেই হ্রাস করা যাবে না। এবং
- ১৩ কোনো ধরণের অসংগতি পরিলক্ষিত হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণপূর্বক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।



দীপঙ্কর মন্ডল  
উপসচিব

ফোন: ৯৫১৪০৭৫।  
dsmaintenace@rthd.gov.bd



প্রধান প্রকৌশলী  
সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। যুগ্মসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।  
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, ময়মনসিংহ সড়ক জোন।  
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।  
০৪। উপসচিব (জিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।  
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।  
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।  
০৭। অফিস কপি/ মাস্টার কপি।